



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

Any Information for SSC Reg. Log on www.rajshahieducationboard.gov.bd

নিবন্ধন সংক্রান্ত জরুরীবিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর : ২২০/১/বিনি-৬/২(৪র্থ খন্ড)

তারিখ: ২৬/১০/২০২৩

বিষয়: রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল স্কুল ও স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষা বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থী যারা ২০২৪ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে তাদের নিবন্ধন কার্ড এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিবগণ বোর্ড থেকে সংগ্রহ করবেন এবং প্রতিষ্ঠান সমূহ কেন্দ্র সচিবের নিকট হতে নিবন্ধন কার্ড গ্রহণ করবে। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর স্বাক্ষর সহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করে তা নির্ধারিত তারিখে স্ব-স্ব প্রতিষ্ঠান সমূহ শিক্ষা বোর্ডে জমা এবং ফেরত নিবেন।

জেলা নাম	কেন্দ্রওয়ারী নিবন্ধন কার্ড বিতরণের তারিখ	স্ব-স্ব প্রতিষ্ঠান বোর্ডে নিবন্ধন কার্ড জমা দেওয়ার তারিখ	সংশোধনের নিয়মাবলী
জয়পুরহাট	১২/১১/২০২৩	০৯/০৮/২০২৩	(১) অফিস প্যাডে আবেদন-২টি (২) নিবন্ধন কার্ডের ফটোকপি-২টি (ফটোকপিতে ভুল অংশ লাল কালি দিয়ে কেটে স্পষ্ট অক্ষরে সংশোধন করতে হবে) (৩) টাকা জমার মূল রশিদ ও তার ফটোকপি।
চাঁপাইনবাবগঞ্জ	০২/১১/২০২৩	১০/০৮/২০২৩	
পাবনা	০৭/১১/২০২৩	১১/০৮/২০২৩	
নাটোর	০৫/১১/২০২৩	১২/০৮/২০২৩	
রাজশাহী	০১/১১/২০২৩	১৩/০৮/২০২৩	
নওগাঁ	০৬/১১/২০২৩	১৬/০৮/২০২৩	
সিরাজগঞ্জ	০৮/১১/২০২৩	১৭/০৮/২০২৩	
বগুড়া	০৯/১১/২০২৩	১৮/০৮/২০২৩	

- প্রতিটি বই শুধুমাত্র হলুদ কাপড় দ্বারা হার্ড বোর্ড দিয়ে বাধাই করতে হবে এবং মুড়ি বইয়ের টপশীটে বিদ্যালয়ের নিজস্ব প্যাডে বিদ্যালয়ের ঠিকানাসহ মোট নিবন্ধন কার্ডের সংখ্যা লিখে মোটা অক্ষরে কম্পোজ করে আঠা দিয়ে লাগাতে হবে।
- নিবন্ধন কার্ডে শুধুমাত্র বিষয় কোড / ছবি ভুল থাকলে আগামী ৩০/১১/২০২৩ তারিখের মধ্যে শিক্ষার্থী প্রতি ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে সংশোধন করা যাবে। উক্ত সংশোধিত নিবন্ধন কার্ড আগামী ১২/১২/২০২৪ ইং তারিখে প্রদান করা হবে। পরবর্তীতে এসএসসি ২০২৪ পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত নিবন্ধনপত্র সংশোধন ফি ৩০০/- (তিনশত টাকা) টাকা এবং পরীক্ষা চলাকালীন সংশোধন ফি (নিবন্ধনপত্র ৫০০/- ও প্রবেশপত্র ৫০০/-) মোট ১০০০/- (একহাজার) টাকা জমা দিয়ে শুধুমাত্র বিষয় কোড সংশোধন করা যাবে।
- কোন শিক্ষার্থীর নিবন্ধন কার্ড হ্রাসিত থাকলে উক্ত শিক্ষার্থীর জেএসসি'র মূল সনদ ও বিদ্যালয়ের হার্ড কপিসহ আবেদন করতে হবে। তবে পূর্বে কোন প্রতিষ্ঠানে নিবন্ধন হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নাই।
- নিজ/পিতা/মাতা/জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে নাম ও বয়স সংশোধন কমিটির পত্র মূলে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের নিবন্ধনকার্ড সংশোধন করা যাবে।
- যে সকল প্রতিষ্ঠানের নিবন্ধনের সংখ্যা ২০০ (দুই শত) এর উর্দে সে সকল প্রতিষ্ঠানের ৯ম ও ১০ম শ্রেণীতে ১০০ জনের অতিরিক্ত শিক্ষার্থী থাকলে প্রতি ৫০ জন শিক্ষার্থীর জন্য শ্রেণী শাখা খোলার অনুমতি পত্র /শিক্ষা মন্ত্রণালয়ের আবেদনের কপি জমা দিয়ে বিদ্যালয় নিবন্ধন শাখা হতে নিবন্ধন নিতে হবে।

বিশেষ দৃষ্টব্য:

- শিক্ষা বোর্ডের অধিভুক্ত প্রতিষ্ঠানগুলিকে বিভিন্ন কাজে নির্ধারিত তারিখে তাদের কাজ সম্পাদন করতে হবে অন্যথায় জমা এবং গ্রহণে বিলম্ব হলে প্রতিদিন বিলম্বের জন্য প্রতিষ্ঠানকে ১০০/- (এক শত) টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

Reza Haq
(মহাঃ জিয়াউল হক)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

তারিখ: ২৬/১০/২০২৩

স্মারক নম্বর : ২২০/১/বিনি-৬/২(৪র্থ খন্ড)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল:

- সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/উপ-পরিচালক (হি: ও নি:) অত্র বোর্ড
- প্রধান মূল্যায়ন কর্মকর্তা (চ: দা:)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ: দা:), অত্র বোর্ড।
- হিসাব রক্ষণ অফিসার, অত্র বোর্ড।
- পি.এস.টু চেয়ারম্যান, অত্র বোর্ড।
- প্রশাসনিক কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা/হিসাব আয় শাখা
মাধ্যমিক পরীক্ষা শাখা/স্টুয়ার্ড শাখা, অত্র বোর্ড।

H. A.
26.10.23

(মহাঃ জিয়াউল হক)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী